

প্রতিটি ইউনিয়ন পরিষদের সাংগঠনিক কাঠামো এক ও অভিন্ন। কেননা স্থানীয় সরকার বিভাগ থেকে একই নীতিমালায় ইউনিয়ন পরিষদের কর্মকান্ড পরিচালিত হয়। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এই কাঠামোর প্রধান। তিনি নির্বাচিত জনপ্রতিনিধি। তিনি ও তার সাথে ৯ ওয়ার্ডের ৯ জন সদস্য এবং ৩ জন সংরক্ষিত আসনের মোট ১৩ জন জনপ্রতিনিধি মিলেই ইউনিয়ন পরিষদ। প্রশাসনিক ও দাপ্তরিক কর্মকান্ডে সহায়তার জন্য প্রতিটি ইউনিয়ন পরিষদে আছেন একজন সচিব। সচিবকে সহায়তার জন্য ৯টি ওয়ার্ডে আছে ৯ জন গ্রাম পুলিশ। চেয়ারম্যান, সদস্য, সচিব ও গ্রাম পুলিশের সম্মিলিত রূপ মিলেই ইউনিয়ন পরিষদের কাঠামো।

